



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/কৃপবি-৩৭০/২০২৩-২০২৪/৭১৭

তারিখঃ ০৫.০৬.২০২৪

বিষয়ঃ 'আমার আঙিনা-আমার কৃষি' কর্মসূচির আওতায় ঋণ বিতরণ জোরদারকরণে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর জেনারেল ক্রেডিট বিভাগের পরিপত্র নং-০২/২০২৪ তারিখঃ ৩১/০১/২০২৪খি: এবং পত্র নং-বিকেবি-প্রকা/জেঃক্রেঃবি/১/৩(২৩)/২০২৩-২০২৪/১৪৪২(১২৫০) তারিখঃ ০৮/০২/২০২৪।

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নারীর ক্ষমতায়নের অংশ হিসেবে পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণসহ আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি পরিবারের চাহিদার অতিরিক্ত শাকসবজি বিক্রয়ের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে মহিলাদের সম্পৃক্ত করার লক্ষ্যে ৩১-০১-২০২৪ তারিখে জারিকৃত পরিপত্রের নির্দেশনার মাধ্যমে 'আমার আঙিনা-আমার কৃষি' কর্মসূচির সূচনা করা হয়। উক্ত কর্মসূচির আওতায় প্রতিটি শাখা মাসিক ভিত্তিতে কমপক্ষে ১ টি ঋণ বিতরণ করে বিতরণকৃত ঋণের তথ্য দৈনিক ভিত্তিতে বিকেবি ওয়েব পোর্টালে (Web Portal) এন্ট্রি প্রদান এবং মাসান্তে পরবর্তী মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে নির্ধারিত ছকে ঋণ বিতরণের প্রতিবেদন সফটকপি (dgmppd@krishibank.org.bd ঠিকানায়) ই-মেইল যোগে প্রেরণ করার জন্য সূত্রোক্ত দ্বিতীয় পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। আলোচ্য ঋণ কর্মসূচিতে ৩১.০৫.২০২৪ তারিখ ভিত্তিক ওয়েব পোর্টাল হতে প্রাপ্ত বিভাগওয়ারী বিতরণকৃত ঋণের চিত্র নিম্নরূপঃ

(ধকৃত অংকে ও সংখ্যায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়ের নাম	চলতি মাসের ঋণ বিতরণ (মে'২০২৪)		পূঞ্জিত ঋণ বিতরণ (শুরু হতে ৩১.০৫.২০২৪ তারিখ পর্যন্ত)		অনাদায়ী ঋণস্থিতি	
		সংখ্যা	পরিমাণ (টাকায়)	সংখ্যা	পরিমাণ (টাকায়)	সংখ্যা	পরিমাণ (টাকায়)
	১	২	৩	৪	৫	৬	৭
১	ঢাকা	১	১০০০০	১৮	১৭০০০০	১৮	১৭০০০০
২	চট্টগ্রাম	০	০	১৭	১৩৮০০০	১৭	১৩৮০০০
৩	ফরিদপুর	১৩০	১২৪৫০০০	১৩১	১২৫০০০০	১৩১	১২৫০০০০
৪	বরিশাল	৩	৩০০০০	১৮	১৮০০০০	১৮	১৮০০০০
৫	ময়মনসিংহ	০	০	৪	৪০০০০	৪	৪০০০০
৬	কুষ্টিয়া	৪	৪০০০০	৮	৮০০০০	৮	৮০০০০
৭	কুমিল্লা	৪৯	৪৯০০০০	৫১	৫১০০০০	৫১	৫১০০০০
৮	খুলনা	৮	৮০০০০	৯	৯০০০০	৯	৯০০০০
৯	সিলেট	০	০	০	০	০	০
১০	এলপিও	০	০	০	০	০	০
	সর্বমোট	১৯৫	১৮৯৫০০০	২৫৬	২৪৫৮০০০	২৫৬	২৪৫৮০০০

চলমান পাতা-০২


বিষয়ঃ 'আমার আঙিনা-আমার কৃষি' কর্মসূচির আওতায় ঋণ বিতরণ জোরদারকরণে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

০৪। গত ২৯-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১৩৬তম সভায় উক্ত কর্মসূচিতে ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি পল্লী অঞ্চলের শাখাসমূহে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া বিতরণকৃত ঋণের হালনাগাদ অগ্রগতির তথ্যাদি সময়ে সময়ে কর্তৃপক্ষীয় চাহিদা মোতাবেক উপস্থাপন করার জন্যও নির্দেশনা রয়েছে।

০৫। এমতাবস্থায়, কর্তৃপক্ষীয় নির্দেশনা ও পরিপত্রের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণ অব্যাহত রাখা ও প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণকে উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া উপর্যুক্ত বিষয়ে সঠিক ও নির্ভুল প্রতিবেদন সংগ্রহ ও সংকলনপূর্বক মাসিক ভিত্তিতে ঋণ বিতরণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে একীভূত বিবরণী নির্দেশিত ছক মোতাবেক অঞ্চলওয়ারী শাখার তালিকাসহ অত্র বিভাগে হার্ডকপি ডাকযোগে এবং বিবরণীর সফট কপি ই-মেইলযোগে (dgmpdd@krishibank.org.bd ঠিকানায়) প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)


বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং- বিকেবি-প্রকা/কৃপবি-৩৭০/২০২৩-২০২৪/ ৭১৭

তারিখঃ ০৫.০৬.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ শরিফুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক